# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**19 APRIL 2025** **7:35—7:40 AM IST**

==================================================

রাজ্যে আগামী দোসরা এবং ৭ মে অনুষ্ঠেয় পঞ্চায়েত নির্বাচনের জন্য জেলা প্রশাসনগুলো যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে ।রাজ্য নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ি জেলা পরিষদ এবং আঞ্চলিক পঞ্চায়েত সদস্য পদের জন্য দাখিল করা ৭ হাজার ১৭৪ টি মনোনয়নপত্রের মধ্যে ১৮৯ টি মনোনয়নপত্র নাকচ করা হয়েছে এবং ৬ হাজার ৭৬১ টি মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়েছে । জেলা পরিষদের ৩৯৭ টি আসন , আঞ্চলিক পঞ্চায়েত সদস্যের ২ হাজার ১৯২ টি এবং গ্রাম পঞ্চায়েত গ্রুপ সদস্যের ২১ হাজার ৯২০ টি আসনের জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে ।
এদিকে পঞ্চায়েত নির্বাচনের জন্য ভারতীয় জনতা পার্টী গতকাল কাছাড় জেলা থেকে আনুষ্ঠানিকভাবে প্রচার অভিযান শুরু করেছে ।শিলকুরীর বরমবাবা মন্দিরে পূজো দিয়ে এবং বিজয় সংকল্প সমাবেশের আয়োজন করে প্রচার অভিযানের সূচনা করা হয় ।বিজেপি কাছাড় জেলার ২৫ টি জেলা পরিষদ আসনের মধ্যে ২ টি এবং ১৬২ টি আঞ্চলিক পঞ্চায়েত আসনের মধ্যে ৩৪ টি আসনে বিনা প্রতিদ্বন্দিতায় জয়লাভ করেছে বলে আমাদের আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার জেলা পরিষদের মোট ১৬ টি আসনে ৪৭ জন প্রতিদ্বন্দিতায় রয়েছেন । আঞ্চলিক পঞ্চায়তের ৯৫ টি আসনে ২৩২ জন এবং গ্রাম পঞ্চায়েত সদস্য পদের ৯৫০ টি আসনে ২ হাজার ৫৪৫ জন প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।এদিকে আমাদের শ্রীভূমি সংবাদদাতা জানিয়েছেন যে বিজেপি পাথারকান্দি বিধানসভা এলাকার চান্দখিড়া ও লোয়াইরপোয়া জেলা পরিষদ আসন দুটিতে বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হয়েছে ।হাইলাকান্দি জেলায় আঞ্চলিক পঞ্চায়েত সদস্য পদের ৬২ টি আসনে ২৮৯ জন প্রতিদ্বন্দিতায় রয়েছেন । এই পদে বিজেপির ৫ জন প্রার্থী বিনাপ্রতিদ্বন্দিতায় নির্বাচিত হয়েছেন ।গাও পঞ্চায়েতের গ্রুপ সদস্য পদের ৬২০ টি আসনে ৬২ জন

বিনাপ্রতিদ্বন্দিতায় জয়ী হয়েছেন ।এই পদে ২ হাজার ৯৬ জন প্রতিদ্বন্দিতায় রয়েছেন । জেলা পরিষদ আসনের ৮ টি পদের জন্য ৬৮ জন প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।

---

পঞ্চায়েত নির্বাচনের জন্য বিরোধী কংগ্রেস দল গতকাল গুয়াহাটীতে নির্বাচনী ইস্তাহার প্রকাশ করেছে ।দলের রাজ্য সভাপতি ভূপেন বরা গুয়াহাটীর রাজীব ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে দলীয় ইস্তাহার প্রকাশ করেন । ইস্তাহারে কংগ্রেস দল পঞ্চায়েত নির্বাচনে জয়ী হলে পঞ্চায়েতি ব্যবস্থা অধিক শক্তিশালী করার জন্য ব্যবস্থা গ্রহণ করা , পঞ্চায়েতের মাধ্যমে তৃণমূল পর্যায়ে ক্ষমতা হস্তান্তর , জবকার্ডধারীদের নূন্যতম ১০০ দিনের কর্ম সুনিশ্চিত করা , মজুরি বৃদ্ধির প্রতিশ্রুতি, প্রধানমন্ত্রী আবাস যোজনার অর্ধনির্মিত ঘরের কাজ সম্পূর্ণ করা ইত্যাদি প্রতিশ্রুতি প্রদান করা হয়েছে ।

---

এদিকে প্রদেশ বিজেপি সভাপতি দিলীপ শইকিয়া পঞ্চায়েত নির্বাচন উপলক্ষে আগামীকাল বরাক উপত্যকা সফরে আসছেন । আগামীকাল তিনি শিলচর, ধলাই সহ হাইলাকান্দি ও শ্রীভূমি জেলার বেশ কয়েকটি নির্বাচনী সভা , কার্যকর্তা সম্মেলনে অংশগ্রহণ করবেন ।উল্লেখ্য প্রদেশ সভাপতির দায়িত্ব গ্রহণ করার পর এটিই তাঁর প্রথম বরাক উপত্যকা সফর ।

---

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে পঞ্চায়েত নির্বাচন অবাধ ও সুষ্ঠভাবে সম্পন্ন করার লক্ষ্যে উচ্চ পর্য্যায়ের পর্য্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়োজিত সভায় নির্বাচনী আচরন সংহিতা , পোলিং স্টেশনগুলির প্রস্তুতি , যাতায়াতের ব্যবস্থা ও নিরাপত্তা ব্যবস্থা নিয়ে আলোচনা করা হয়েছে । এছাড়া সভায় ভোট গ্রহনের দিন প্রত্যেক ভোট কর্মীকে সর্তকতা ও নিরপেক্ষতা বজায় রাখার বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে ।

---

শিলচরের যোগশিক্ষা কেন্দ্র যোগ নিকেতনের বার্ষিক অনুষ্ঠান আগামীকাল বিকেল ৫ টায় মহিলা কলেজের প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হবে ।অনুষ্ঠানে যোগ ব্যায়াম প্রদর্শন , সাংস্কৃতিক অনুষ্ঠান , গুনিজন সম্বর্ধনা সহ বিশ্ব যোগ চ্যাম্পিয়নশিপে শিলচর যোগ নিকেতনের স্বর্ণপদকপ্রাপ্ত শিক্ষার্থীদের সম্বর্ধনা দেওয়া হবে ।এছাড়া শিলচর যোগ নিকেতন এবং আমাদের অভিযান স্বেচ্ছাসেবী সংগঠনের যৌথ উদ্যোগে আগামীকাল সকাল সাড়ে সাতটায় তুলাপট্টিতে এক যোগ শিবিরের আয়োজন করা হয়েছে ।এতে

গুয়াহাটীর যোগ ও প্রাকৃতিক চিকিৎসা বিশেষজ্ঞ ডঃ হীরেন সরকার ও শিলচরের যোগ প্রশিক্ষক পিংকু রঞ্জন পাল উপস্থিত থাকবেন ।

-----------------------------------------------------------------------------------

শিলচর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে আয়োজিত অনুর্ধ-১৫ আন্ত:স্কুল ক্রিকেট প্রতিযোগীতার দুটি সেমিফাইনাল আজ অনুষ্ঠিত হবে ।আজকের সেমিফাইনালের প্রথম ম্যাচে মহর্ষি বিদ্যামন্দির খেলবে সূর্যকুমার হাইস্কুলের বিরুদ্ধে ।পরের ম্যাচে শিলচর কলেজিয়েট স্কুল নরসিং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের মুখোমুখি হবে ।

প্রতিযোগিতার গতকালের খেলায় সূর্যকুমার হাইস্কুল স্কুল ৩১৪ রানে রামানুজ বিদ্যামন্দির স্কুলকে পরাজিত করেছে।

দিনের দ্বিতীয় খেলায় নরসিং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় দিল্লী পাবলিক স্কুলের বিরুদ্ধে ওয়াকঅভার পায় ।

গতকালের তৃতীয় খেলায় প্রণবানন্দ হলি চাইল্ড স্কুল ৪৩ রানে অধরচান্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে ।এবং চর্তুথ খেলায় মুর্শেদুল আলম চৌধুরী মেমরিয়েল সিনিয়র সেকেন্ডারী স্কুল ৮ উইকেটে নিউ অক্সফোর্ড স্কুলকে পরাজিত করে ।

-----------------------------------------------------------------------------------